

১৪.০ সমাজসেবায় ইনোভেশন

- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৩ সনে জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে সমাজসেবা অধিদফতরে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৫ সনে জারিকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০১৫ এর আওতায় সমাজসেবা অধিদপ্তরের ‘উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৫-১৬ এবং ২০১৬-১৭’ প্রণয়ন করা হয়েছে এবং সে মোতাবেক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বিভাগীয় সমাজসেবা কার্যালয় ঢাকা অধীন উদ্ভাবনী উদ্যোগসমূহ

ঢাকা বিভাগের বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ					
বিভাগ	জেলা	উদ্ভাবনী উদ্যোগের নাম	বাস্তবায়িত কর্ম এলাকা	সময়কাল	বাস্তবায়নের ফলাফল
ঢাকা	ফরিদপুর	স্বপ্নজয়	সরকারি শিশু পরিবার (বালক) ফরিদপুর	২০২১-২০২২ অর্থ বছর	প্রতিষ্ঠানের নিবাসীদের বিভিন্ন শারীরিক প্রশিক্ষণ প্রদান করায় নিবাসীবৃন্দ সেনাবাহিনী, পুলিশসহ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় শারীরিক সক্ষমতার দিক থেকে এগিয়ে থাকবে।
ঢাকা	কিশোরগঞ্জ	সরকারি শিশু পরিবার(বালক) এ মাশরুম চাষ প্রকল্প গ্রহণ	সরকারি শিশু পরিবার (বালক)	২০২১-২০২২	উৎপাদিত মাশরুমে নিবাসীদের পুষ্টি চাহিদা পূরণ হচ্ছে।
ঢাকা	গাজীপুর	ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে মৃত ভাতাভোগীদের চিহ্নিত করণ	কালিয়াকৈর	জুলাই ২০২২ হতে জুন ২০২৩	১) মৃত, নিরুদ্দেশ ও অযোগ্য ভাতাভোগীদের সনাক্ত করা সম্ভব হবে। ২) ভাতাভোগীদের ভাতা উত্তোলনে কি কি টেকনিক্যাল ও নন টেকনিক্যাল সমস্যা হচ্ছে তা জেনে সমাধানের উদ্যোগ গ্রহণ করা সম্ভব হবে। টেকনিক্যাল সমস্যা যেমন মোবাইলে ভাতার এসএমএস না আসা, ভাতাভোগীদের মোবাইল নাম্বারে টাকা ইন হয়েছে কিনা তা অফিসারের আইডি মাধ্যমে জানতে না পারা... ইত্যাদি। নন টেকনিক্যাল সমস্যা যেমন নিকট আত্মীয়দের দ্বারা ভাতা চুরি হয়ে যাচ্ছে কি না, নাম্বার পরিবর্তনে করণীয় কি... ইত্যাদি। ৩) সুবর্ণ নাগরিক পরিচয় পত্রবিহীন প্রতিবন্ধী ভাতাভোগীদের সনাক্ত করা ও যোগ্য ব্যক্তিদের জরিপের আওতায় আনা। ৪) মৃত প্রতিবন্ধী ভাতাভোগীদের সনাক্ত করে DIS হালনাগাদ করা। ৫) সঠিকভাবে সঠিক লোকের নিকট ভাতা পৌঁছে দেওয়া নিশ্চিত করার প্রচেষ্টা